


ঢাকা কলেজের ফেসবুক পেজ হ্যাক

অনলাইন ডেস্ক

২৮ মার্চ ২০২৩ ০৮:৪৭ পিএম | আপডেট: ২৮ মার্চ

২০২৩ ০৮:৪৭ পিএম

1
Shares



ঢাকা কলেজ। ফাইল ছবি

advertisement

ঢাকা কলেজের অফিসিয়াল ফেসবুক পেজ হ্যাক হয়েছে। আজ মঙ্গলবার বিকেল সাড়ে ৩টার দিকে পেজটির প্রোফাইল ছবি পরিবর্তন হলে বিষয়টি সবার দৃষ্টিগোচর হয়।

ধারণা করা হচ্ছে, ভিয়েতনামের কোনো হ্যাকার ঢাকা কলেজের ভেরিফায়েড পেজটির নিয়ন্ত্রণ নিয়েছে। পেজটির প্রোফাইলের ছবি, কাভার ছবি, ইমেইল ও কলেজের ঠিকানা বদলে দিয়েছে হ্যাকার।

advertisement

কলেজের ফেসবুক পেজ ও অনলাইন কার্যক্রমের তদারকির দায়িত্বে থাকা ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক আবু সালেহ মো. মুজাহিদুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, ‘কলেজের পেজ হ্যাক হয়েছে। আমরা পেজের নিয়ন্ত্রণ হারিয়েছি। এটি উদ্ধারে কাজ চলছে। ফেসবুক আপডেটের সুযোগ নিয়ে হ্যাকাররা এটি করেছে।’